

**শিক্ষার মানোন্নয়নে পরামর্শক কমিটির সভায় শিক্ষামন্ত্রী
মাধ্যমিক স্তরে শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে**

ঢাকা, ৩০ নভেম্বর, ২০১৭

মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে করণীয় নির্ধারণের জন্য মন্ত্রণালয়কে পরামর্শ প্রদানের লক্ষ্যে গঠিত কমিটির একটি বৰ্ধিত সভা আজ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

সভায় এ বিষয়ে গত বছরের ২৫-২৬ নভেম্বর কর্তৃবাজারে অনুষ্ঠিত কর্মশালার সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। নবম ও দশম শ্রেণির পাঠ্যপুস্তক পরিমার্জনের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। পাঠ্যক্রম পরিমার্জন কমিটির প্রতিবেদন উপস্থাপন করেন কমিটির সদস্য অধ্যাপক ড. মঞ্জুর আহমেদ। তিনি জানান, শিক্ষাক্রম পরিমার্জনের জন্য একটি সাব-কমিটি কাজ করছে। পরিমার্জনের জন্য একটি কাঠামোও তিনি সভায় উপস্থাপন করেন। এর উপর বিস্তারিত আলোচনা হয়।

পাবলিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে মান নিশ্চিতকরণের জন্য গৃহীত পদক্ষেপসমূহের ইমপেন্ট স্টাডি বিষয়ে উপস্থাপনা পেশ করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ। সভায় জানানো হয়, উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। প্রধান পরীক্ষকসহ সংশ্লিষ্টদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফলে খাতার যথাযথ মূল্যায়নে ইতিবাচক প্রভাব পড়েছে।

সভায় শিক্ষাক্রম সংস্কার, একই ধরনের প্রশ্নপন্থতি, ছাত্রদের নেতৃত্ব শিক্ষা এবং শিক্ষকদের মূল্যবোধ ও নেতৃত্বতা উন্নয়ন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

সভাশেষে সাংবাদিকদের ব্রিফিংকালে শিক্ষামন্ত্রী বলেন, মাধ্যমিক শিক্ষার পাঠ্যক্রম উন্নয়ন, ব্যবস্থাপনা ও পাঠদান এবং কারিকুলাম পরিমার্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি বলেন, ইতোমধ্যে ১২টি পাঠ্যবই রঙিন ও সহজপাঠ্য করে ছাপা হয়েছে। পর্যায়ক্রমে সকল পাঠ্যবই সহজ, সুখপাঠ্য ও আকর্ষণীয় করা হবে। যাতে পড়াশুনায় শিক্ষার্থীরা আরো আগ্রহী হয়। তিনি বলেন, উত্তরপত্র মূল্যায়ন, পরীক্ষা পদ্ধতি ও শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়নেও বিভিন্ন পদক্ষেপ নেয়া হচ্ছে। শিক্ষকদের প্রশিক্ষণ ও শিক্ষক নির্দেশিকা দেয়া হয়েছে। সভার সুপারিশগুলো বাস্তবায়নে মন্ত্রণালয় আন্তরিকতার সাথে কাজ করবে বলে জানান মন্ত্রী।

পরামর্শক কমিটির সদস্য অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ, ড. মোহাম্মদ ফরাস উদ্দিন, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, ড. মুহাম্মদ জাফর ইকবাল, অধ্যাপক এম এম আকাশ, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, শ্যামলী নাসরিন চৌধুরী, অধ্যাপিকা তাসলিমা বেগম, বেগম তানজিল আশ্রাফ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. অরুণা বিশ্বাস, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা সভায় উপস্থিত ছিলেন।